

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রশাসন শাখা

...

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২২ আগস্ট ২০২১খ্রি:
সভার সময়	বিকাল ০২.৩০ ঘটিকা
স্থান	প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য।

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে তথ্য প্রযুক্তিতে অধিক দক্ষ করে গড়ে তুলতে এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে সুসম্পর্ক বজায় রাখতে রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতি মাদক অপরাধের সাথে জড়িত গডফাদার, তাদের হোতা ও সহায়তাকারীদের আইনের আওতায় নিয়ে আসা এবং মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স বাস্তবায়নে সকল আইন প্রয়োগকারী সংস্থা ও প্রতিবেশী দেশসমূহের সাথে কূটনৈতিক যোগাযোগ তথা তথ্য বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

২। অতঃপর সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

২.১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস ও ক্ষতি হ্রাস এই তিনটি কৌশলে কার্যক্রম পরিচালনা করছে। এই তিনটি কৌশলকে তথ্য প্রযুক্তির আওতায় নিয়ে আসার জন্য এটুআই এর সহায়তা গ্রহণ করতে হবে।

২.২। মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস, ক্ষতি হ্রাস এবং প্রশাসনিক কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করে গতিশীল করার লক্ষ্যে চারটি কমিটি গঠন করতে হবে।

২.৩। মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস ও ক্ষতি হ্রাস কার্যক্রমে সংশ্লিষ্ট অংশীজন, স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অংশগ্রহণের সূচক কি হবে তা নির্ধারণ করতে হবে।


২.৪। মাদকের চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস ও ক্ষতি হ্রাস কার্যক্রমে সংশ্লিষ্ট অংশীজনের নিয়মিত মতামত গ্রহণ করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দাশাখা/প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮) উপপরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৯) সহকারী পরিচালক (.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....
- ১০) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩) অফিস কপি।



মোহাঃ জিলনুর রহমান  
সহকারী পরিচালক